

১০ মে, ২০২০

বিষয়: বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক আয়োজিত 'Art Against Corona' শীর্ষক কর্মসূচি এবং
"১৯তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ ২০২০" এ অংশগ্রহণ।


সুপ্রিয় শিল্পবন্ধু,

বাংলাদেশের চারুশিল্প বিকাশে আপনার পথচলাকে অভিনন্দন জানাই। বাংলাদেশের শিল্পীরা সকল জাতীয় আন্দোলনে, গণজাগরণে এবং সকল দুর্যোগকালীন অনন্য ভূমিকা পালন করে আসছে। করোনা ভাইরাস জনিত সংকটে আমাদের প্রাণপ্রিয় বাংলাদেশ সহ সারা বিশ্ব আজ বিপর্যস্ত। বাংলাদেশ শিল্পকলা একাডেমি বাংলাদেশের সকল শিল্পের শিল্পীদের সুরক্ষা, কমহীন শিল্পীদের পাশে দাঁড়ানো, জাতির মনোবল সুদৃঢ় করা, দেশের সকল মানুষকে সচেতন ও দায়িত্বশীল করার অভিপ্রায় সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে সংবেদনশীল করার নিমিত্ত দেশের সকল শিল্পের শিল্পীদের নিয়ে 'Art Against Corona' শীর্ষক সামাজিক ও সাংস্কৃতিক আন্দোলন গড়ে তোলার প্রত্যয় নিয়ে কাজ করছে। ইতোমধ্যে দেশব্যাপী কবিতা, চলচ্চিত্র, অভিনয়, সংগীত, যন্ত্রসংগীত, নৃত্য ইত্যাদি মাধ্যমের শিল্পীবৃন্দ এই আয়োজনের সাথে সম্পৃক্ত হয়ে কাজ শুরু করেছে। আমাদের অনুপ্রেরণা মানবতার জননী দেশরত্ন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

এই আন্দোলনের সহযোদ্ধা হিসেবে আমরা আপনার কাছ থেকে একটি শিল্পকর্ম কামনা করি। শিল্পকর্মটি দুর্যোগকালীন অনলাইনে বিক্রি করে প্রাথমিকভাবে কমহীন হয়ে পড়া চারুশিল্পীদের পাশে দাঁড়ানোর ব্যবস্থা করা হবে। শিল্পকর্মের ডিজিটাল ছবি দিয়ে পরবর্তীকালে একটি ক্যাটালগ প্রকাশ এবং শিল্পকর্ম নিয়ে একটি প্রদর্শনী আয়োজন করা হবে। আপনার শিল্পকর্মটি যথাশীঘ্র সম্ভব নির্মাণপূর্বক শিল্পকর্মের সফটকপি ইমেজ mostak303@gmail.com (whatsapp) এ প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো। আপনার এই অবদান করোনা যুদ্ধের মহান শিল্পসৈনিক হিসেবে জাতি নিশ্চয়ই অভিনন্দিত করবে।

১-৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত অনুষ্ঠিতব্য "১৯তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ ২০২০" এ অংশগ্রহণের প্রস্তুতি নেয়ার জন্য আপনাকে অনুরোধ জানানো যাচ্ছে। ১৯তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ ২০২০ এর নীতিমালা ও নিবন্ধন ফরমের সফটকপি www.asianartbiennale.org.bd থেকে এবং হার্ডকপি এশিয়ান আর্ট বিয়োনাল সেল, জাতীয় চিত্রশালা ভবন, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, রমনা, ঢাকা থেকে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে। প্রয়োজনে ০১৮১৯৮০৬৪৬৭; ০১৭১১১৭৪৯১৮; ০১৭৭৩৭৩৯২৩১।

ধন্যবাদান্তে



লিয়াকত আলী লাকী

মহাপরিচালক

বাংলাদেশ শিল্পকলা একাডেমি